

2019

B.A.

3rd Semester Examination

BENGALI (General)

Paper - SEC 1-T

Full Marks : 40

Time : 2 Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

লিখন নৈপুণ্য বৃদ্ধি

বিভাগ-ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ১। বিজ্ঞাপন রচনার গদ্য কেমন হওয়া উচিত?
- ২। প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদন পরিভাষাটি কোন ইংরেজি শব্দের প্রতিশব্দ?
- ৩। প্রাতিষ্ঠানিক পত্র রচনার উদ্দেশ্য কী?

[Turn Over]

- ৪। বিজ্ঞাপন রচনার ক্ষেত্রে কী কী নিয়ম মানা হয়?
- ৫। 'প্রতিবেদন' শব্দটি রবীন্দ্রনাথ ঠাকুর কীভাবে বাক্যে ব্যবহার করেছেন তার একটি উদাহরণ দাও। 'প্রতিবেদক' শব্দের অর্থ কী?
- ৬। ভাবার্থ কাকে বলে? এর দুটি বৈশিষ্ট্য লেখ।
- ৭। প্রতিবেদনের গদ্য কীরকম হওয়া উচিত?
- ৮। ভাব সম্প্রসারণ বলতে কী বোঝ?

বিভাগ-খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৪ \times ৫ = ২০$

- ৯। সংবাদপত্রের প্রতিবেদন নিরপেক্ষ করার জন্য কী কী করা প্রয়োজন?
৫
- ১০। কোনো একটি সরকারি দপ্তরের কর্মী নিয়োগের বিজ্ঞাপনের ক্ষেত্রে যে যে বিষয় বিজ্ঞাপনে অবশ্যই দেওয়া প্রয়োজন তা আলোচনা করো।
৫
- ১১। ভাব-সম্প্রসারণ করো :
৫
- পথের প্রান্তে আমার তীর্থ নয়
পথের দুধারে আছে মোর দেবালয়।

১২। যেকোনো একটি বিষয়ে সংবাদপত্রে উপযোগী প্রতিবেদন রচনা করো : ৫

(ক) 'লোডশেডিং সমস্যা ও জনসচেতনতা' শীর্ষক মুক্ত আলোচনা সম্পর্কে একটি প্রতিবেদন লেখো।

(খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে 'হরতালে নাকাল আমার শহর' এ বিষয় নিয়ে একটি প্রতিবেদন লেখো।

১৩। অনুচ্ছেদ রচনার নিয়মগুলি লেখো। ৫

১৪। প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

বিভাগ-গ

যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

১৫। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো :

(ক) দ্বিশতবর্ষে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(খ) শিশুশ্রম

১৬। বিজ্ঞাপনের খসড়া তৈরির প্রাথমিক শর্তগুলির পরিচয় দাও।

ব্যবহারিক বাংলা

বিভাগ-ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ১। DTP কথাটির পুরো অর্থ কী? যিনি প্রুফ সংশোধন করেন তার পারিভাষিক নাম কী?
- ২। দুটি বাংলা ইউনিকোড ফন্ট-এর নাম লেখো।
- ৩। বাংলাপিডিয়া কী?
- ৪। দুটি বাংলা অনলাইন পত্রিকার নাম লেখো।
- ৫। বর্তমান বাংলা ভাষার মান্য বানান বিধি কোনটি? সেই সংক্রান্ত গ্রন্থটির নাম উল্লেখ করো।
- ৬। প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে লেখো।
- ৭। অশুদ্ধি সংশোধন করো (যে কোনো দুটি) : মুমূর্ষু, শুশ্রুসা, দারিদ্র, পুরস্কার।
- ৮। 'কি' এবং 'কী' এদের প্রয়োগগত পার্থক্য দেখাও।

বিভাগ-খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

৯। পরিভাষা লেখো (যে কোনো ৫টি) :

Absurd, Canto, Ballad, Folk culture, Naturalism,
Symbolism, Point of view, Symbolism.

১০। বাংলা হরফে কম্পিউটার-এ লেখার জন্য কোন্ কোন্ সফটওয়্যার
ব্যবহার করা হয়?

১১। উপভাষা নিয়ে গবেষণার কাজে কম্পিউটারের প্রয়োগ সম্পর্কে
আলোচনা করো।

১২। গল্প ও ঝড় বিধানের বিধিগুলি সংক্ষেপে আলোচনা করো।

১৩। প্রুফ সংশোধন করতে গিয়ে কোন্ কোন্ বিষয়ের উপর বিশেষ
নজর দিয়ে হয়?

[Turn Over]

নিম্নলিখিত অংশটির প্রুফ সংশোধন করো :

পাণ্ডুলিপি

“আমার কাছে মানুষ মানে লক্ষ লক্ষ বছরের ইতিহাসের পদযাত্রী মানুষ। তাই ধর্ম নিয়ে মাথা ঘামাইনে। লেখক হিসাবে আমি চরিত্র বেছে নিই দরকার অনুযায়ী। হিন্দু মানুষ, মুসলমান মানুষ বুঝি না। মানুষ বুঝি। এই দেশের মানুষ। তাদের ঘনিষ্ঠভাবেই চিনি। আমার কোন শুচিবায়ু নেই। মানুষ আমার কাছে শুধু প্রকৃতির সন্তান। প্রকৃতিই শাস্ত এবং ঈশ্বর। প্রকৃতিই অনন্ত জ্ঞান ও চেতনা।”

(সৈয়দ মুস্তাফা সিরাজ)

প্রুফ

আমার মানুষ মনে লক্ষ লক্ষ বছরের ইতি হাসের যাত্রী মানুষ তাই ধর্ম নিয়ে মাথা ঘামাইনে। লেখক হিসেবে আমি চরিত্র বেছে নিই দরকার অনুযায়ী। মানুষ হিন্দু, মুসলমান মানুষ বুঝি না। মানুষ বুঝি। এই দেশের মানুষ। তাদের ঘনিষ্ঠ ভাবেই চিনী, কোন শুচিবায়ু নেই। মানুষ আমার কাছে শুধু প্রকৃতির সন্তান সন্তান। প্রকৃতিই শাস্ত এবং ঈশ্বর। প্রকৃতিই অনন্ত চেতনা ও জ্ঞান। (সৈয়দ মুস্তাফা সিরাজ)

(7)

বিভাগ-গ

যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$

- ১৫। উদাহরণসহ প্রুফ সংশোধনের দশটি প্রতীক বা চিহ্ন সম্পর্কে আলোচনা কর।
- ১৬। মুদ্রিত বই ও পত্র-পত্রিকায় কম্পিউটারের ব্যবহার সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
-

